সংবাদ।

তারিখ ২৭।১।৮১
পৃষ্ঠা ৮ কলাম ৮

478

005

# পাঠ্যবই বিক্রয়ে স্কুল কর্তৃপক্ষ ও জনসাধারণের সহযোগিতা কামনা

ডাকঘর থেকে যাতে সুষ্ঠুভাবে ছাত্রছাত্রীদের কাছে বই বিক্রি করা সম্ভব হয় সেজন্য সরকারের পক্ষ থেকে জনসাধারণ ও স্কুল কর্তৃপক্ষের কাছে পূর্ণ সহযোগিতা কামনা করা হয়েছে। এসম্পর্কে গতকাল প্রকাশিত এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয়:

১লা জানুয়ারী থেকে দেশের বিভিন্ন ডাকঘর থেকে স্কুল টেক্সট বুক বোর্ড কর্তৃক প্রকাশিত পাঠ্যবইসমূহ বিক্রয় শুরু হয়েছে। কিন্তু অনেক স্কুল কর্তৃপক্ষ এখনও ছাত্রছাত্রীদের নামের তালিকা ও পরিচয়পত্র নির্ধারিত ডাকঘরে পাঠাননি। ছাত্রছাত্রীদের নামের তালিকা ও পরিচয়পত্র ছাড়া বই বিক্রি করতে বিশেষ অসুবিধা হচ্ছে। এ ব্যাপারে ছাত্রছাত্রীদের নামের তালিকা ও পরিচয়পত্রের নমুনাসহ বিস্তারিত নিয়মাবলী প্রত্যেক স্কুলে পাঠানো হয়েছে। কিন্তু বেশীর ভাগ স্কুল কর্তৃপক্ষই বার বার অনুরোধ করা সত্ত্বেও ছাত্রছাত্রীদের নামের তালিকা ও পরিচয়পত্র নির্ধারিত ডাকঘরে জমা দিতে ব্যর্থ হয়েছেন। প্রকৃত ছাত্রছাত্রীরা যাতে সহজে বই পেতে পারে তার জন্যে আবারও সকল প্রধান শিক্ষক শিক্ষয়িত্রীকে তাঁদের স্কুলের ছাত্রছাত্রীদের নামের তালিকা ও পরিচয়পত্র নির্ধারিত ডাকঘরসমূহে অবিলম্বে পাঠাবার অনুরোধ জানানো হয়েছে।

ছাত্রছাত্রীদের নামের তালিকা একবারের পরিবর্তে দুই তিনবারও ডাকঘরে পাঠানো যাবে। যে সব ছাত্রছাত্রী দেরীতে ভর্তি হয়েছে তাদের বই কিনতে কোনো অসুবিধা হবে না।

এ ছাড়া জনসাধারণকে জানানো হয়েছে যে, শুধু ১ম শ্রেণীর পাঠ্যবই সেট হিসাবে কিনতে হবে। অন্য কোনো শ্রেণীর বেলায় এ নিয়ম প্রযোজ্য নয়। ডাকঘরসমূহ থেকে যাতে সুষ্ঠুভাবে ছাত্রছাত্রীদের কাছে বই বিক্রি করা সম্ভব হয় তার জন্যে জনসাধারণ ও স্কুল কর্তৃপক্ষের পূর্ণ সহযোগিতা কামনা করা হয়েছে।